ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



যে কারণে অতীত মুছতে পারছেন না সানি লিওন

পৃঃ ৫



বাংলাদেশ সিরিজে শামিকে পেতে আশাবাদী ভারত

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২২৪ ● কলকাতা ● ৩২ শ্রাবণ, ১৪৩১ ● শনিবার ● ১৭ আগস্ট, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

# আরজি কর ভাঙচুরে যুক্ত ব্যাক্তিদের ছবি প্রকাশ করলো কলকাতা পুলিশ



**বেবি চক্রবর্ত্তী: কলকাতা: নিউজ সারাদিন :** আরজি কর কাণ্ডে এবার কলকাতা পুলিশের বড় পদক্ষেপ। বুধবার রাতে আরজি কর হাসপাতালে হামলা চালায় কিছু অজ্ঞাত পরিচয় দুষ্কৃতীরা। জোর করে ব্যারিকেড ভেঙে, হাসপাতালে ঢুকে পড়ে দুষ্কৃতীরা। ভাঙচুর চালায় হাসপাতালের ভিতরে, এমার্জেন্সি বিল্ডিংয়ে। এই হামলা ও ভাঙচুরের ঘটনায় এবার অভিযুক্তদের ছবি প্রকাশ করল কলকাতা পুলিশ অভিযুক্তদের সন্ধান চেয়ে পোস্ট করেছে পুলিশ।তিলোত্তমা কাণ্ডে সুবিচারের দাবিতেই ১৪ অগস্ট, বুধবার রাতে পথে নামেন রাজ্যের মানুষ। হাজার হাজার মানুষ বিভিন্ন জায়গায় জমায়েত করেন। প্রতিবাদে পথে নেমেছিলেন চিকিৎসকরাও। আর জি কর হাসপাতালের সামনেও জমায়েত হয়েছিল। হঠাৎই রাত সাড়ে ১২টা নাগাদ আন্দোলনের মাঝেই হঠাৎ অশান্তি শুরু হয়। আন্দোলনকারীর বেশে দুষ্কৃতীরা ব্যারিকেড ভেঙে হাসপাতালের ভিতরে ঢুকে পড়ে। এমার্জেন্সি বিল্ডিংয়ে ঢুকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় তলায় ভাঙচুর করা হয়। এমনকী, সেমিনার হলেও হামলা চালানোর চেষ্টা করে দুষ্কৃতীরা। এরপরই সকালে জানা যায়, হামলায় জড়িত সন্দেহভাজন নয়জনকে আটক করেছে পুলিশ। বেআইনি জমায়েতের ধারা রুজু করে ধরপাকর করা হচ্ছে। এবার অভিযুক্তদের ছবি পোস্ট করে তাদের সন্ধান চাইল পুলিশ।

## শুক্রবার বনধের দিন কাটা হবে বেতন জানালেন মমতা বন্দ্যোপাধ্যায়



**কলকাতা: নিউজ সারাদিন :** বনধের দিন অফিস না-গেলে কাটা যাবে বেতন, জারি হল সরকারি নির্দেশিকা। পাশাপাশি, সাধারণ মানুষকে বনধ সমর্থন না করার আহ্বান জানাল নবান্ন। শুক্রবার ১২ ঘণ্টা বাংলা বনধ, ডাক দিল SUCI, অবরোধ করবে বিজেপি, জনজীবন স্বাভাবিক রাখতে তৎপর নবান্ন। মহিলা চিকিৎসককে খুন। আরজি করে ভাঙচুর।এসবের প্রতিবাদে শুক্রবার বাংলা বনধের ডাক দিল এসইউসিআই। ১২ ঘণ্টার বাংলা বনধের ডাক দেওয়া হয়েছে। এই ঘোষণার পরেই রাজ্যের প্রশাসনিক ভবন থেকে বিজ্ঞপ্তি জারি করে সাধারণ মানুষকে জীবনযাত্রা স্বাভাবিক রাখার জন্য আবেদন জানাল রাজ্য। নবান্নের জারি করা বিজ্ঞপ্তিতে বলা হয়েছে স্কুল-কলেজ, বাজার-দোকান, অফিস-কাছারি খোলা থাকবে। সমস্ত পঞ্চায়েতের দফতর, মিউনিসিপাল অফিস যথারীতি খোলা থাকবে। বন্ধের দিন সমস্ত সরকারি কর্মচারীদের ছুটি বাতিল করা হচ্ছে। যদি সরকারি কোনও কর্মী বনধকে সমর্থন করে ছুটি নেন সেক্ষেত্রে তাঁর চাকরি জীবন থেকে একদিন কমে যাবে। অফিসে না-এল কাটা যাবে বেতন। অর্থাৎ, বন্ধের দিন সরকারি কর্মীদের কাজে যোগ দিতেই হবে। বন্‌ধের দিনকে মাঝখানে রেখে আগে বা পরের দিন ছুটি নেওয়া যাবে না। নির্দেশিকা অমান্য করলে, বেতন কেটে নেওয়া হবে।

## ব্যর্থতা'র দায় কার্যত মেনে নিলেন কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মহিলাদের রাত দখল কর্মসূচির মাঝে আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে তাণ্ডবের ঘটনায় প্রশ্নের মুখে কলকাতা পুলিশের ভূমিকা। ঘটনায় 'ব্যর্থতা'র দায় কার্যত মেনে নিলেন কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল। শুক্রবার সাংবাদিক বৈঠক করে দুটি ভিডিও দেখিয়ে হামলার মুহূর্তের ব্যাখ্যাও দেন পুলিশ কমিশনার।আর জি কাণ্ড নিয়ে সোশাল মিডিয়ায় গুজব না ছড়ানোর আরজি জানান পুলিশ কমিশনার বিনীত গোয়েল। তিনি বলেন, “আমাদের প্রমাণ দরকার। প্রমাণ ছাড়া কাউকে আমরা ধরতে পারি না। আমাদের কাউকে বাঁচানোর নেই। প্রমাণের অপেক্ষায় রয়েছি। দয়া করে গুজব ছড়াবেন না।” সিবিআইয়ের উপর আস্থা রাখার কথাও বলেন পুলিশ কমিশনার।সাংবাদিক বৈঠকের শুরুতে এদিন দুটি ভিডিও দেখান পুলিশ কমিশনার বিনীত গোয়েল। একটি ১ মিনিট ২৮ সেকেন্ডের এবং অপর ভিডিওটি ১ মিনিট ৮ সেকেন্ডের। কীভাবে আর জি কর মেডিক্যাল কলেজ ও হাসপাতালে বহিরাগতরা ঢুকে পড়লেন, তা ওই ভিডিও দুটির মাধ্যমে দেখানো হয়। এর পর বিনীত গোয়েল বলেন, “যখন স্বতঃস্ফূর্তভাবে জমায়েত হয়, নেতা থাকে না, নিয়ন্ত্রণ করা কঠিন। সেদিন সারা শহরে জমায়েত ছিল। অনেক পুলিশ মোতায়েন করতে হয়েছিল। আর জি করে ডিসিপি ছিলেন। ফেসবুকে ছবি, ভিডিও পোস্ট করা হয়েছে।”ব্যর্থতার দায় কার্যত স্বীকার করে নিয়ে তিনি আরও বলেন, “আরজি করের সামনে আন্দোলন যে আচমকা হিংসাত্মক হয়ে উঠবে, ভাবতে পারিনি। আমাদের ভাবনায় ভুল ছিল। একে আমাদের ব্যর্থতা বললে বলতে

এরপর ৩ পাতায়

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
কবিতা সংকলন
দ্বীপ প্রস্মার
সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার
সহ-সম্পাদক : নিবেদিতা শেঠ
Phone : 9163761670 /9564382031
কবিতা, গল্প ও অনুগল্প সংকলন
অনুগল্প ও গল্পের জন্য ফোনে কথা বলে নেবেন নিয়ম ও কারণ জানার জন্য।

মাননীয়া মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে
শিশু কিশোর আকাদেমি
তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার
বিভাগীয় সাংস্কৃতিক প্রতিযোগিতা (প্রেসিডেন্সি বিভাগ)
আগামী ২৪ ও ২৫ আগস্ট '২৪ হাওড়া, উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, নদিয়া এবং কলকাতার ছোটোদের জন্য সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।
২৪ এবং ২৫ আগস্ট প্রেসিডেন্সি বিভাগের উল্লিখিত জেলাগুলির জন্য এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার সময়সহ বিস্তারিত বিবরণ ও আবেদনপত্র সংগ্রহের জন্য দুপুর ১টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত (প্রতি ক্ষেত্রে শনি, রবি ও অন্য ছুটির দিন বাদে) কলকাতায় শিশু কিশোর আকাদেমির কার্যালয়ে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র জমা দিতে হবে। আবেদনের শেষ তারিখ ২০ আগস্ট ২০২৪।
প্রতিযোগিতার বিষয়: 'ক' বিভাগ (৫ থেকে ১০+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি। 'খ' বিভাগ (১১ থেকে ১৬+): রবীন্দ্রসংগীত, নজরুলগীতি, রাগপ্রধান গান, লোকগীতি, শাস্ত্রীয় নৃত্য, আবৃত্তি, তাৎক্ষণিক বক্তৃতা। এই প্রতিযোগিতায় স্থানাধিকারীদের পুরস্কৃত করা হবে, প্রত্যেক অংশগ্রহণকারীকে শংসাপত্র দেওয়া হবে। এবং এই প্রতিযোগিতার ভিত্তিতেই আসন্ন 'পঞ্চদশ রাজ্য শিশু কিশোর উৎসব'-এ অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো হবে।
বিঃ দ্রঃ- আসন্ন রাজ্য শিশু কিশোর উৎসবে দলগত অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য (গান, নাচ, আবৃত্তি, বৃন্দবাদন ইত্যাদি) এবং একক যন্ত্রবাদন, মূকাভিনয়, ম্যাজিক ইত্যাদি নানা বিষয়ের জন্য পেন ড্রাইভ/ডিভিডিসহ (অফেরতযোগ্য) সংশ্লিষ্ট দপ্তরে আবেদন করতে হবে। দলগত অনুষ্ঠানে দলের লেটারহেডেএবং অন্যান্য একক অনুষ্ঠানের জন্য সাদা কাগজে সংশ্লিষ্ট আধিকারিকের নামে চিঠি জমা দিতে হবে। প্রতিটি ক্ষেত্রে অবশ্যই পেন ড্রাইভ/ডিভিডি (অফেরতযোগ্য) দপ্তরে জমা দিতে হবে।
প্রতিযোগিতার স্থান: উত্তীর্ণ, আলিপুর। সময়: ২৪ আগস্ট সকাল ১০ টা থেকে 'ক' বিভাগ এবং ২৫ আগস্ট সকাল ১০টা থেকে 'খ' বিভাগ
শিশু কিশোর আকাদেমি। উত্তীর্ণ, দ্বিতীয় তল। ১এ, রিফর্মেটরি স্ট্রিট, আলিপুর, কলকাতা:২৭ফোন: ০৩৩ ২২২৩ ৬২১০ ই-মেল: skakademi@gmail.com

## নদীতে ভেসে গিয়ে নিখোঁজ হল

# বানারহাটের এক ব্যবসায়ি



**নাগরাকাটা: নিউজ সারাদিন :** স্বাধীনতা দিবসের দিন ঘুরতে এসে নাগরাকাটা জলঢাকা নদীতে ভেসে গিয়ে নিখোঁজ হল বানারহাটের এক ব্যবসায়ি।এঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। পুলিস সুত্রেই জানা গিয়েছে নিখোঁজ ব্যবসায়ীর নাম মিন্টু সাহা। বয়স ৩৫। বাড়ি বানারহাটের ক্ষুদিরাম পল্লিতে। জানা গিয়েছে এদিন ছুটির দিন থাকায় বানারহাট থেকে সাত বন্ধু মিলে নাগরাকাটার জলঢাকাতে নদীতে বেড়াতে আসেন তারা। সেই সময় মিন্টু সাহা জলঢাকা নদীতে হাত পা ধুতে যায়। হাত পা ধুতে গিয়ে পা পিছলে নদীতে পড়ে যায় ঐ ব্যবসায়ী। বন্ধুরা ছুটে তাকে বাচানোর চেষ্টা করে। কিন্তু পাহাড়ি এই খরস্রোতা ঐ নদীতে ভেসে যায় যুবকটি।এরপরই খবর পেয়ে নাগরাকাটা থানার পুলিস এসে রাত আটটা পর্যন্ত জলঢাকা নদীতে তল্লাশি শুরু করে। কিন্তু ঘন অন্ধকার থাকায় তল্লাশি বন্ধ করতে বাধ্য হয় পুলিস।জানা গিয়েছে আগামী শুক্রবার সকাল থেকে জাতীয় বিপর্যয় মোকাবিলার টিমকে সাথে নিয়ে ফের তল্লাশি শুরু করছে পুলিস।

## আরজিকর ভাঙচুর ঘটনায় তৃণমূলের যোক সূত্র

# ধরা পড়তেই ক্ষমা চান কাউন্সিলর ঘনিষ্ঠ



**কলকাতা: নিউজ সারাদিন :** বুধবার রাতে একদিকে যখন রাজপথে নেমেছেন নারীরা, তখন আচমকাই আরজি করে হামলা চালায় একদল দুষ্কৃতী। ভাঙচুর চালানো হয় সেখানে। ইতিমধ্যেই এই ঘটনায় রাজনীতির ছোঁয়া লেগেছে। রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগেই দাবি করেছিলেন, এই ঘটনার সঙ্গে তৃণমূলের যোগ রয়েছে। এবার তৃণমূল কাউন্সিলর ঘনিষ্ঠ এক যুবক নিজেই ক্যামেরার মুখোমুখি হয়ে স্বীকার করে নিলেন হামলার কথা।সম্প্রতি সর্বভারতীয় এক সংবাদমাধ্যমের ক্যামেরার মুখোমুখি হয়ে আরজি করে হামলা চালানোর কথা স্বীকার করে নেন পেশায় জিম ট্রেনার সৌমিক দাস। দমদমের পূর্ব সিঁথি নিবাসী এই যুবক তৃণমূল কাউন্সিলর রাজু সেন শর্মার ঘনিষ্ঠ বলে খবর। সৌমিক জানান, আরজি করের হামলার পিছনে কারোর প্ররোচনা ছিল না। হামলাকারীর বলেন, তিনি প্রতিবাদ মিছিলে গিয়েছিলেন। এরপর অন্যদের সঙ্গে আরজি করে ঢুকে ভাঙচুর চালান। সৌমিকের কথায়, 'ইমোশনালি আমিও ওখানে ভাঙচুর করেছি। ওটা সত্যিই আমার অপরাধ হয়েছে, ভুল হয়েছে'। তিনি জানান, কারোর প্ররোচনা ছিল না। তিনি নিজে থেকেই গিয়েছিলেন।

## কাশীপুর গান এন্ড শেল ফ্যাক্টরিতে

# স্বাধীনতা দিবস পালন



**বেবি চক্রবর্ত্তী: নিউজ সারাদিন :** কাশীপুর গান এন্ড শেল ফ্যাক্টরিতে মহাসমারোহে পালিত হল ৭৮ তম স্বাধীনতা দিবস। এ উপলক্ষে সকালে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করেন গান এন্ড শেল ফ্যাক্টরির জেনারেল ম্যানেজার সুবীর কুমার সাহা । স্বাধীনতা দিবস উপলক্ষে সপ্তাহব্যাপী নানা অনুষ্ঠানে কারখানার সকল স্তরের কর্মচারীরা যোগ দেন। ভারত সরকারের নির্দেশমতো 'মায়ের নামে একটি গাছ' অনুষ্ঠানে কর্মচারীরা বিপুল উৎসাহে যোগদান করেন। কারখানার বিভিন্ন জায়গায় এবং কর্মচারীরা তাদের আবাসস্থলে প্রায় তিন হাজার চারাগাছ রোপন করেন। এছাড়াও সকল স্তরের কর্মচারীরা মহাসমারোহে 'হর ঘর তিরঙ্গা' কর্মসূচিতে যোগ দেন গত ১৩ই আগস্ট থেকে। এই উপলক্ষে সকল স্তরের কর্মীবৃন্দ তাদের আবাসস্থলে ভারতের জাতীয় পতাকা উত্তোলন করেন এবং জাতীয় পতাকার সাথে সেলফি ছবি বিভিন্ন সমাজ মাধ্যমে পোস্ট করেন। গত ১২ ই আগস্ট কারখানাতে পালিত হয় 'নেশা মুক্ত ভারত অভিযান'। এই উপলক্ষে সকল স্তরের কর্মচারীরা নেশা মুক্ত ভারত গঠনের শপথ বাক্য পাঠ করেন। স্বাধীনতা দিবস উপলক্ষ্যে গান এন্ড শেল ফ্যাক্টরির জেনারেল ম্যানেজার সুবীর কুমার সাহা কারখানার সকল স্তরের কর্মীদের সপ্তাহব্যাপী বিভিন্ন জাতীয়তাবাদী অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য ভুয়সী প্রশংসা করেন।

## আর.জি.কর. ঘটনা মানবতার লজ্জা

# কিন্ত হিন্দুমহাসভা চায় এইরকম সমস্ত অপরাধের বিচার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** অখিলভারত হিন্দুমহাসভার রাজ্য সভাপতি ডক্টর চন্দ্রচূড় গোস্বামীর নেতৃত্বে মহাসভার মহিলা সদস্যরা এই বছর রাখিবন্ধন উৎসব উৎসর্গ করতে চলেছে ডক্টর মৌমিতা দেবনাথ সহ স্বপ্নদীপ কুন্ডু, কামদুনির নির্যাতিতা, ধনঞ্জয় চট্টোপাধ্যায়, তাপসী মালিক, ধানতলা, বানতলা, নেতাই, নন্দীগ্রাম, সিঙ্গুর, আনন্দমার্গি হত্যাকাণ্ড, মরিচঝাঁপি হত্যাকাণ্ড সহ একাধিক নারকীয় ঘটনায় প্রাণ হারানো মানুষদের উদ্দ্যেশ্যে । এই বছর তারা কলকাতা সহ পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে পুলিশকর্মী, স্বাস্থ্যকর্মী, শিক্ষাকর্মী, বিভিন্ন রাজনৈতিক দলের সদস্য ও আপামর জনসাধারণের হাতে রাখি বাঁধার পাশাপাশি কিছু উপহার দিয়ে তাদের অঙ্গীকার জাতি, ধর্ম, বর্ণ, আর্থিক ক্ষমতা, রাজনৈতিক পরিচয় সমস্ত কিছুর ঊর্ধ্বে উঠে এতদিন ধরে হয়ে আসা সমস্ত অপরাধের বিচার চাই, আর নয় অন্যায় । চন্দ্রচূড় বাবু বলেন ডক্টর মৌমিতা দেবনাথের উপর পাশবিক অত্যাচারকারী সমস্ত অপরাধীদের ফাঁসিতে ঝোলাতে হবে । কিন্ত সেই সাথে আমরা যেন বর্তমান বাংলাদেশ বা বিগত বছর গুলোতে হওয়া মরিচঝাঁপি, বিজনসেতুতে আনন্দমার্গি এবং অন্যান্য হত্যাকাণ্ডে প্রাণ হারানো নিরপরাধ মানুষদের ভুলে না যাই । তিনি আরো বলেন রাজনৈতিক দলগুলোর খুনি অপরাধীদের আশ্রয় দেওয়া বা মৃত ব্যক্তির মধ্যে রাজনৈতিক ফায়দা তোলার উদ্দ্যেশ্যে শকুনের মত লোলুপ দৃষ্টিতে লাশের রাজনীতি করা কোনোটাই সুস্থ সমাজ ব্যবস্থায় অভিপ্রেত নয় ।সম্প্রতি প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য পরলোক গমন করেছেন কিন্ত ওনার শাসনকালে হেঁতাল পারেখের আসল খুনিকে আড়াল করতে গিয়ে যেভাবে ধনঞ্জয় চট্টোপাধ্যায়কে শুধুমাত্র গরীব হওয়ার কারণে ফাঁসিতে ঝোলানো হলো এবং সেই ঘটনায় বুদ্ধদেবের স্ত্রী মীরা ভট্টাচার্য ও তৎকালীন পশ্চিমবঙ্গ সরকারের যে নিন্দনীয় ভূমিকা ছিল তা এক কথায় ঘৃণ্যতম বললেও কম বলা হয় । আর.জি.কর. হাসপাতালের সামনে আন্দোলনরত ডাক্তারদের ওপর কারা রাত্রিবেলায় আক্রমণ করলো সেই বিষয়েও নিশ্ছিদ্র তদন্ত হওয়া প্রয়োজন । আর.জি.কর. ঘটনায় অপরাধীদের কঠিনতম শাস্তি হওয়া প্রয়োজন কারণ অপরাধী হিসেবে যে নামগুলো উঠে আসছে শোনা যাচ্ছে তারা কেউ সিভিক পুলিশ আর কেউ ডাক্তার । অর্থাৎ ছত্রিশ ঘণ্টা মানুষের জীবন বাঁচিয়ে ধর্ষিতা ও খুন হওয়া একজন ডাক্তারেকে দলবদ্ধ হয়ে যারা খুন করলো তারাও কিন্ত ডাক্তার । এটা সারা পৃথিবীর কাছে নিকৃষ্টতম খুন বললেও বোধ হয় কম বলা হয় কারণ এখানে রক্ষকই ভক্ষক । সেই সাথে আমাদের প্রত্যেকের

এরপর ৩ পাতায়











## টালিগঞ্জে স্বামী প্রণবানন্দ বিদ্যাপিঠে

# স্বাধীনতা দিবস পালন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারত সেবাশ্রম সঙ্ঘ পরিচালিত টালিগঞ্জে স্বামী প্রণবানন্দ বিদ্যাপিঠে মহাসমারোহে পালিত হ'ল ৭৮ তম স্বাধীনতা দিবস। এ-উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন করেন স্কুলের সেক্রেটারি ও ভারত সেবাশ্রম সংঘের সন্ন্যাসী স্বামী সংঘাত্মানন্দজী মহারাজ। উপস্থিত ছিলেন স্বামী প্রনবানন্দ বিদ্যাপিঠের দিবা বিভাগের টিচার ইনচার্জ মৌসুমী গোস্বামী, প্রাতঃবিভাগের প্রধান সুপ্রিয়া তালুকদার ও ওই বিভাগের সহ-প্রধান শিক্ষিকা অনুরাধা বসু ও গৌড়ীয় মঠের অচ্যুতানন্দ দাস ব্রম্ভচারী, ভারত সেবাশ্রম সঙ্ঘের স্বামী অরিন্দমানন্দজী মহারাজ।

স্বামী সংঘাত্মানন্দজী মহারাজ বলেন, স্বাধীনতা সংগ্রামীদের আত্মবলিদানের মাধ্যমে আমরা যে স্বাধীনতা পেয়েছি। সেই স্বাধীনতাকে আমাদের রক্ষা করতে হবে। স্বামী প্রণবানন্দ বিদ্যাপিঠের পড়ুয়ারা এদিন স্বাধীনতা সংগ্রামের ইতিহাস তুলে ধরে বিবিধ বক্তৃতার মাধ্যমে। তাদের নৃত্য, গীত ও আবৃত্তির মধ্য দিয়ে স্বাধীনতা দিবস উদযাপিত হয়। বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারাও দেশাত্মবোধক গান পরিবেশন করেন।

## সিপিএমের ডাকা বন্ধকে ব্যর্থ করে

# খোলা রইল স্কুল কলেজ

**হুগলি: নিউজ সারাদিন :** গত সাত দিন আগে কলকাতার আরজিকর হাসপাতালের নৃশংস হত্যার প্রতিবাদে হত্যাকারীকে গ্রেপ্তারের দাবিতে আজ শুক্রবার ১২ ঘন্টার বাংলা বন্ধের ডাক দিয়েছিল সিপিএমের পরিশোধিত দল এসইউসিএল তার বিরোধিতা করে বাংলার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেন আজকে বন্ধের দিনে যারা কাজ কম্মে যাবে না তাদের কাটা হবে বেতন। এবং রাজ্যের মুখ্যমন্ত্রী সহ পুলিশ প্রশাসন রাস্তায় থাকবে এই কথা শোনার পর বিরোধীদের ডাকা বাংলা বন্ধ কে ব্যর্থ করে অন্যান্য দিনের মতো খোলা রইল স্কুল কলেজ চলল রেলের চাকা ঘুরলো সাইকেল গাড়ি অটো টোটো। বেরোলো সাধারণ মানুষ কাজে, এমনি বেশ কিছু ছবি উঠে এল হুগলির চন্দননগর সহ চুঁচুড়া বিভিন্ন এলাকার।

১-ম পাতার পর

# ব্যর্থতা'র দায় কার্যত মেনে নিলেন কলকাতার পুলিশ কমিশনার বিনীত গোয়েল

পারেন।" পুলিশ সেদিনের তাণ্ডব রুখতে কোনও ব্যবস্থা নেয়নি বলেও উঠেছে অভিযোগ। সে প্রসঙ্গে সিপি বলেন, "ডিসিপির মাথা ফাটায় আমাদের ফোর্স ছত্রভঙ্গ হয়ে পড়েছিল, সামলে নিতে সময় লাগে। আমাদের উপর হামলা চালানো হয়।" পুলিশ প্রকৃত অপরাধীকে বাঁচানোর চেষ্টা করছে বলেও অভিযোগ। সে অভিযোগও এদিন খারিজ করে দেন পুলিশ কমিশনার।

২ পাতার পর

# আর.জি.কর. ঘটনা মানবতার লজ্জা কিন্ত হিন্দুমহাসভা চায় এইরকম সমস্ত অপরাধের বিচার

মাথায় রাখা উচিত এই অস্থির অবস্থায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত হচ্ছে চিকিৎসা করাতে যাওয়া সাধারণ মুমূর্ষু রুগী ও অসুস্থ মানুষেরা যারা সম্পূর্ণভাবে এই অপরাধ জগতের বলয়ের বাইরে। তাই পরিস্থিতি স্বাভাবিক হওয়া একান্ত ভাবে কাম্য। রাখি উৎসব পর্যন্ত এক স্বাভাবিক সুস্থ ও সুন্দর সমাজ গঠনের জন্য এই বিষয়ে তাদের লাগাতার রাজনৈতিক কর্মসূচি চলবে বলে জানিয়েছেন হিন্দু মহাসভার সদস্যরা।

# আরজিকর ভাঙচুরের ঘটনায় এখনো পর্যন্ত গ্রেপ্তার ১৯




**কলকাতা: নিউজ সারাদিন :** আরজি কর হাসপাতালে বুধবার মধ্যরাতে ভাঙচুর চালায় কিছু দুষ্কৃতী। সেই ঘটনায় এখনও পর্যন্ত মোট ১৯ জনকে গ্রেফতার করা হয়েছে বলে কলকাতা পুলিশ সূত্রে খবর। ভাঙচুরের সময়কার ছবি দিয়ে কয়েকজনকে চিহ্নিত করে সমাজ মাধ্যমে শেয়ারও করেছে কলকাতা পুলিশ। আরজি কর হাসপাতালে ভাঙচুরের ঘটনায় মোট তিনটি মামলা রুজু করা হয়েছিল পুলিশের তরফে।বৃহস্পতিবার রাত পর্যন্ত এই ঘটনায় মোট ১২ জনকে গ্রেফতার করা হয়েছিল। শুক্রবার সকালের মধ্যে সেই সংখ্যাটা বেড়ে দাঁড়ায় ১৯। কলকাতা পুলিশের তরফে একটি বিবৃতিতে জানানো হয়, 'পরশু রাতে আরজি কর হাসপাতালে হামলার ঘটনায় এখন পর্যন্ত মোট ১৯ জনকে গ্রেফতার করেছি আমরা। যাদের মধ্যে পাঁচজনকে আমাদের সোশ্যাল মিডিয়া পোস্ট দেখে চিহ্নিত করেছেন আপনারা। বাকি হামলাকারীদের খোঁজও আমরা খুব দ্রুতই পাব বলে আমাদের বিশ্বাস। আরও একবার অনুরোধ, গতকালের পোস্ট থেকে আর কাউকে শনাক্ত করতে পারলে অনুগ্রহ করে জানান।

# আরজি কর কান্ডে এইবার পথে নামল সাংবাদিক মহল




**বেবি চক্রবর্ত্তী: হুগলি: নিউজ সারাদিন :** গত এক সপ্তাহ আগে কলকাতার শহরতলীর নামকরা হসপিটাল আর জি কর সেখানে রাতের অন্ধকারে এক মহিলা ডাক্তার কে ধর্ষণ করে নির্মমভাবে হত্যা করা হয় সেই নারকীয় হত্যার প্রতিবাদে এবং দোষীদের কঠোর থেকে কঠোরতম শাস্তি তথা ফাঁসির দাবি করে শুক্রবার বিকেলে জেলার সদর হাসপাতালের থেকে এক মৌন মিছিল বার করেন সমস্ত সাংবাদিকগণ। পরে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে জেলার সাংবাদিকরা জানালেন প্রশাসনের চতুর্থ স্তম্ভ হলো এই সাংবাদিক তাই এর আগেও নানা কারণে সাংবাদিকরা আন্দোলনে নেমেছিল কিন্তু এই প্রথম এত বড় নারকীয় ঘটনার প্রতিবাদে দশিদের শাস্তির দাবিতে সংবাদ মাধ্যম নামল রাস্তায় কোন রঙ ছাড়াই।

# ৭৮ তম স্বাধীনতা দিবসে শুভেচ্ছার জন্য বিশ্ব নেতৃবর্গকে ধন্যবাদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৭৮ তম স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানানোয় বিশ্ব নেতৃবর্গকে ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী।

ভূটানের প্রধানমন্ত্রীর ট্যুইটের উত্তরে প্রধানমন্ত্রী লিখেছেন, "প্রধানমন্ত্রী শেরিং তোরগে স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানানোয় আপনাকে ধন্যবাদ"।

নেপালের প্রধানমন্ত্রীর ট্যুইটের উত্তরে প্রধানমন্ত্রী লিখেছেন, "প্রধানমন্ত্রী কে পি শর্মা অলি স্বাধীনতা দিবসের শুভেচ্ছার জন্য আপনাকে কৃতজ্ঞতা জানাই। ভারত ও নেপালের মধ্যে সম্পর্কের বন্ধন শক্তিশালী করার ব্যাপারে আমি আপনার সঙ্গে পূর্ণ সহমত"।

মলদ্বীপের রাষ্ট্রপতির ট্যুইটের প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী বলেছেন, "রাষ্ট্রপতি মোহামেদ মুইজ্জু স্বাধীনতা দিবসে শুভেচ্ছার জন্য আপনাকে ধন্যবাদ। ভারত মলদ্বীপকে তার গুরুত্বপূর্ণ বন্ধু মনে করে এবং আমাদের দু-দেশের জনসাধারণের কল্যাণে কাজ করে যাবে"। ফ্রান্সের রাষ্ট্রপতির ট্যুইটের প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী বলেছেন, "স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানানোয় আমার পরম বন্ধু রাষ্ট্রপতি ইমান্যুয়েল ম্যাঁক্রো ধন্যবাদ জানাই। কেবল তাঁর ভারত সফরই নয়, বিভিন্ন বিষয়ে আমাদের দ্বিপাক্ষিক আলোচনার সুখস্মৃতি স্মরণ করছি, যা ভারত-ফ্রান্স অংশীদারিত্বের সম্পর্ককে শক্তিশালী করেছে। বিশ্বের আরও উন্নতিকল্পে আমরা একযোগে কাজ করে যাব"।

মরিশাসের প্রধানমন্ত্রীর ট্যুইটের প্রত্যুত্তরে প্রধানমন্ত্রী বলেছেন, "প্রধানমন্ত্রী প্রবীন্দ কুমার জুগনাউথ স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানানোয় আপনাকে ধন্যবাদ। আমাদের দুই রাষ্ট্রের মধ্যে বন্ধুত্বের সম্পর্ক আরও বহুমুখী ও সমৃদ্ধ হয়ে উঠুক"।

সংযুক্ত আরব আমীরশাহির প্রধানমন্ত্রী মহম্মদ বিন রশিদ আল মকতুমের শুভেচ্ছার উত্তরে প্রধানমন্ত্রী এক্স হ্যান্ডলে লিখেছেন, "@HHShkMohd আপনার শুভেচ্ছায় কৃতজ্ঞ। ভারত সংযুক্ত আরব আমীর শাহির শক্তিশালী সম্পর্কের ক্ষেত্রে আপনার ব্যক্তিগত দায়বদ্ধতা প্রশংসনীয়। বছরের পর বছর ধরে উভয়ের মধ্যে যে সম্পর্ক গড়ে উঠেছে উভয় রাষ্ট্র সেই সম্পর্ককে রক্ষা করে যাবে"।

ইতালির প্রধানমন্ত্রীর জর্জিয়া মেলোনি স্বাধীনতা দিবসের

এরপর ৪ পাতায়

# লেডি ডাক্তারকে নিশ্বংস খুনের বিরুদ্ধে প্রতিবাদে অর্জিকর হাসপাতাল চত্বরে স্বপন দত্ত বাউলের

**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন :** কোলকাতা অর্জিকর হাসপাতালে লেডি ডাক্তারকে কর্মরত অবস্থায় ধর্ষণ করে নিশ্বংস খুনের ঘটনায় সারা রাজ্য তোলপাড় ,জেলায় জেলায় মানুষ ও বিশেষ করে মহিলারা প্রতিবাদে নেমেছে পথে পথে আর্জিকর হাসপাতালে লেডি ডাক্তারকে নিশ্বংস খুনের বিরুদ্ধে প্রতিবাদে । নারী নিগ্রহ , নারীদের উপর নানা ভাবে অত্যাচার , বধু হত্যা , নারীকে গনধর্ষন করে খুন, নারী পাচার , বাল্য বিবাহর বিরুদ্ধে প্রতিবাদী নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সমাজ সচেতনের শিল্পী, রাষ্ট্রপতির প্রসংশিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী পূর্ব বর্ধমানের স্বপন দত্ত বাউল সম্প্রতি কোলকাতা অর্জিকর হাসপাতালের সামনে উপস্থিত হয়ে বাউল গানে প্রতিবাদ ও সচেতনের ঝড় তুললেন। গানে ও বক্তব্যে বললেন রাজ্য ও দেশের মহিলারা যে সত্যিই সুরক্ষিত নয় তার প্রমাণ অর্জিকর হাসপাতালে লেডি ডাক্তারকে কর্মরত অবস্থায় ধর্ষণ করে নিশ্বংস হত্যার ঘটনা। লজ্জ্যা জনক ঘটনা ছি! ছি! এমন নিশ্বংস হত্যার ঘটনা যেন কোথাও কখনো আর না ঘটে সে বিষয়ে জনগণ , সরকার , পুলিশ, প্রশাসনকে সচেতন হতে হবে।খোদ রাজধানী কোলকাতার বুকে এমন ভাবে সমাজসেবিকা লেডি ডাক্তারকে নিশ্বংস ভাবে যারা খুন করেছে এবং যারা এর সঙ্গে যুক্ত তাদের কঠিন থেকে কঠিনতর শাস্তি দিতে হবে। এমন কঠিন শাস্তি দিতে হবে যা দেখে আর অন্য কেউ যেন এমন নিশ্বংস হত্যা করতে সাহস না পায়। অপরাধীদের কঠিন শাস্তি না দিলে রাজ্যে অপরাধ আরও বেড়ে যাবে । সুতরাং সকল ডাক্তারবাবু, নার্স, ও সাস্থ্য কর্মীদের সুরক্ষা ও নিরাপত্তার দাবি উঠে আসে স্বপন দত্ত বাউলের বক্তব্যে ও বাউল গানে। হাসপাতালে সি সি টিভি ক্যামেরা বেশি করে বসাতে হবে। নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে সুদূর পূর্ব বর্ধমান থেকে ছুটে গিয়ে নারী জাতিকে অপমান , অত্যাচার, নিগ্রহ, ধর্ষণ করে নিশ্বংস ভাবে খুন করার বিরুদ্ধে বাউল গানে ও বক্তব্যে কোলকাতার রাজপথে অর্জিকর হাসপাতালের সামনেই প্রতিবাদ ও সচেতন করতে দেখে কোলকাতার মানুষ মুগ্ধ। পথ চলিত অনেকেই বলেন বুদ্ধিজীবীরা সকলে জেগে ঘুমালেও রাষ্ট্রপতির প্রশংসিত শিল্পী স্বপন দত্ত বাউল প্রতিবাদ ও সচেতন করে নারী শক্তির আন্দোলনকে আরো জাগ্রত করলেন । সংবাদিকদের মুখোমুখি হয়ে স্বপন বাউল বলেন দেখুন আমি কোনো রাজনীতির লোক নই আমি একজন সাধারণ মানুষ ও সমাজ সচেতনের শিল্পী তাই রাজ্যের ও দেশের কোনো সমস্যা নজরে এলে কে পথে নামলো বা নামলো না আমি ওসব দেখি না আমি সম্পূর্ন নিজের উদ্যোগেই সামাজিক দায়বদ্ধতা মাথায় রেখে নিঃস্বার্থ ভাবে বিনা পারিশ্রমিকে অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ সমাজ সচেতন ও সমাজের কুসংস্কার কুপ্রথা দূরীকরণ এবং দেশে বিদেশে শান্তি সম্প্রীতির বার্তা বাউল গানের মাধ্যমে দিয়ে থাকি । সারা রাজ্যের মানুষ আমার মহতী উদ্যোগ ও কাজের পাশে ও আমার সাথে আছেন এটাই আমার অনুপ্রেরণা। তবে আমি আশা করছি রাজ্যের মানুষ যেভাবে প্রতিবাদে সরব যদি আইন আদালত বলে সত্যিকারের কিছু থাকে তাহলে অর্জিকর হাসপাতালের কর্মরত লেডি ডাক্তারকে ধর্ষণ করে নিশ্বংস ভাবে যারা খুন করেছে সেই সব দোষীরা চরম শাস্তি পাবে ।আইন আদালত কঠোর নয় বলেই এবং পুলিশ প্রশাসন সচেতন নয় বলেই অপরাধীরা দিন দিন বেড়েই চলেছে ও অপরাধ বেড়ে চলেছে।

# আরজি করের পর এবার উত্তরাখন্ডে নার্সকে ধর্ষণের পর খুন করার অভিযোগে মূল অভিযুক্ত গ্রেপ্তার




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতার আরজিকর মেডিকেল কলেজ হসপিটালে নারকীয় ঘটনার পর আর এক নারকীয় ঘটনা সামনে এলো। উত্তরাখণ্ডের এক নার্সকে ধর্ষণের পর খুন করা হয়েছে।

আর জি কর হাসপাতালের ঘটনায় উত্তাল পশ্চিমবঙ্গ। সেই ঘটনার আঁচ সারা ভারতবর্ষে চিকিৎসা ব্যবস্থার ওপর পড়েছে। দেশজুড়ে ক্ষভ আর নিন্দার ঝড় উঠেছে। উত্তরাখণ্ডের উধমপুর জেলায় একটি বেসরকারি হাসপাতালে কর্মরত নার্স কাজ থেকে বাড়ি ফেরার পথে গত ৩০শে জুলাই নিখোঁজ হয়েছিলেন। নির্দিষ্ট সময় পেরিয়ে যাবার পরেও তিনি বাড়ি না ফেরায় পরিবারের লোকজন হাসপাতালের বিভিন্ন জায়গায় খোঁজখবর করেন। পরের দিন ৩১শে জুলাই পরিবারের তরফ থেকে থানায় অভিযোগ দায়ের করা হয়। পুলিশ নার্সের খোঁজে তল্লাশি অভিযান শুরু করে।

পুলিশ সূত্রে জানা গেছে উত্তরপ্রদেশের রামপুরের গ্রামে মৃতদেহ পাওয়া গেছে। ময়নাতদন্তে রিপোর্টে ধর্ষণের ঘটনা সামনে আসে। তদন্ত নেমে পুলিশ দেখে নার্সের সঙ্গে থাকা টাকা-পয়সা গয়না মোবাইল নেই। পুলিশ ওই নার্সের মোবাইল ফোনের লোকেশান দেখে জানতে পারে ফোনটি রাজস্থানের যোধপুরে রয়েছে। সেখান থেকে এক ব্যক্তিকে গ্রেফতার করে উধমপুরে নিয়ে আসা হয়। জানা গেছে মূল অভিযুক্ত ধৃত ব্যক্তি শ্রমিকের কাজে যুক্ত ছিলেন।

পুলিশ দফায় দফায় ওই ব্যক্তিকে জেরা করে। জেরার মুখে ওই ব্যক্তি ভেঙে পড়লেও তিনি খুনের কথা স্বীকার করেছেন বলে পুলিশ দাবি করেছে। জানা গেছে ওই নার্সকে একা যেতে দেখেই সে লুটের ছক কষে ছিল। লুটের জন্যই সে ওই নার্সের পিছু নেয়। তারপর ফাঁকা জায়গায় ওই ব্যক্তি নার্সের উপর হামলা চালিয়ে ৩৩ বছর বয়সী ওই নার্সকে ধর্ষণ করে মুখ বন্ধ রাখতে ধৃত ব্যক্তি তাকে খুন করে। তারপর ওই ব্যক্তি টাকা-পয়সা, মোবাইল গয়না নিয়ে পালিয়ে যায়। এই ঘটনার সঙ্গে আরো কেউ যুক্ত আছে কিনা সেই বিষয় পুলিশ খোঁজ চালাচ্ছে। জানা গেছে ওই মৃত মহিলার ১১ বছরের একটি কন্যা রয়েছে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার
নিউজ সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
৪ বর্ষ ২২৪ সংখ্যা ১৭ আগস্ট, ২০২৪ শনিবার ৩২ শ্রাবণ, ১৪৩১

## সম্পাদকীয়

# সিবিআইয়ের হাতে আটক হলেন সন্দীপ

কলকাতার আর জি কর মেডিকেল কলেজ ও হাসপাতালে এক মহিলা চিকিৎসকের ধর্ষণ-খুনের ঘটনায় কলকাতা হাইকোর্ট ইতিমধ্যেই সিবিআই তদন্তের নির্দেশ দিয়েছে। সেই ঘটনার জেরে আর জি কর মেডিকেল কলেজের অধ্যক্ষ সন্দীপ ঘোষকে সরিয়ে দেয় স্বাস্থ্য দফতর।সিবিআই সূত্রে জানা গিয়েছে, কলকাতা হাইকোর্ট আর জি করের ঘটনায় সিবিআই তদন্তের নির্দেশ দিতেই তাঁরা সন্দীপের সঙ্গে যোগাযোগ করা শুরু করেন। সন্দীপকে ইমেল পাঠানো হয়, ফোন করা হয়, বাড়িতে চিঠি পাঠানো হয়। প্রতিটি ক্ষেত্রেই তাঁকে বলা হয়েছিল, যত দ্রুত সম্ভব সিবিআইয়ের কার্যালয়ে গিয়ে দেখা করতে। তা সে নিজাম প্যালেসের অফিসেই হোক কী সিজিও কমপ্লেক্সের অফিসেই হোক। কিন্তু কোনও ডাকেই সাড়া দেননি সন্দীপ। শুধু তাই নয়, এদিন কলকাতা হাইকোর্টে সন্দীপের আইনজীবী জানান, সিবিআই তাঁর মক্কেলকে যে কোনও মুহূর্তে গ্রেফতার করতে পারে। তাই আদালত যেন রক্ষাকবচ দেয়। কিন্তু আদালত সেই মামলার শুনানিই হতে দেয়নি এদিন। মামলার শুনানি ঠেলে দেওয়া হয় আগামী সোমবারে। তবে তার আগেই সিবিআইয়ের হাতে আটক হলেন সন্দীপ। দেখার বিষয় সিবিআই তাঁকে জিজ্ঞাসাবাদ করে কী পায়। আর সেখানে তিনি সহযোগিতা না করলে যে গ্রেফতার হতে পারেন, সেটাও এদিন জলের মতো পরিষ্কার হয়ে গিয়েছে।সেই সন্দীপকেই এদিন রাস্তা থেকে পাকড়াও করে সিবিআই। সল্টলেকের রাস্তা থেকেই তাঁকে পাকড়াও করা হয়। তাঁকে সিজিও কমপ্লেক্সে নিয়ে যাওয়া হচ্ছে। সেখানেই হবে তাঁর জিজ্ঞাসাবাদ। সন্দীপ ঘোষকে আর জি করের চিকিৎসক পড়ুয়া ধর্ষণ খুনের ঘটনায় আগে থেকেই জিজ্ঞাসাবাদ করতে চাইছিল। তার সঙ্গে একাধিকবার ডেকে পাঠানো হয়েছিল সিবিআইয়ের কার্যালয়ে। কিন্তু কোনও ডাকেই সাড়া দেননি তিনি। এমনকি শেষের দিকে তিনি সিবিআইয়ের ফোন ধরাও ছেড়ে দিয়েছিলেন। আর তার পরে পরেই তাঁর ওপর নজরদারির কাজ শুরু করে সিবিআই। শেষে এদিন সল্টলেকের রাস্তা থেকেই তাঁকে পাকড়াও করে সিবিআই।

ঘটনাচক্রে এদিন সন্দীপ কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হন। সেখানে তিনি আদালতের কাছ থেকে নিরাপত্তা চান। যদিও হাইকোর্ট সেই আর্জিতে বিশেষ গুরুত্ব দেয়নি। কার্যত এদিন সন্দীপ ঘোষকে ভর্ৎসনা করেছে আদালত। তাঁর আইনজীবী আদালতে নিরাপত্তার দাবি জানিয়ে বলেছলেন, 'আমার মক্কেলকে নিরাপত্তা দেওয়া হোক। সিবিআইয়ের সঙ্গে আমরা সহযোগিতা করেছি। রাজ্য বা কেন্দ্রীয় বাহিনী, যে কোনও সংস্থাকে নিরাপত্তা দিতে নির্দেশ দিক আদালত।' তা শুনে বিচারপতি জানিয়ে দেন, 'আপনি তো প্রভাবশালী ব্যক্তি। আপনার সঙ্গে রাজ্য রয়েছে। কেন আবার নিরাপত্তা চাই? বাড়িতেই থাকুন। শান্তিতে থাকুন। না হলে বলুন, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করে দিচ্ছি।' শুধু তাই নয়, সন্দীপ আদালতে যে মামলা দায়ের করেছিলেন, সেই মামলাও এদিন জরুরি ভিত্তিতে শুনতে অস্বীকার করে আদালত। পরিবর্তে জানিয়ে দেওয়া হয়, আগামী সোমবার তাঁর মামলার শুনানি হবে। যদিও তার আগেই এদিন সিবিআইয়ের হাতেই আটক হয়ে গেলেন সন্দীপ আর সেটাও বেশ নাটকীয় ভাবে। কার্যত দেশের মধ্যে সাম্প্রতিককালে শোনাই যায়নি যে রাস্তা থেকে সিবিআই কাউকে আটক করেছে।সন্দীপের ক্ষেত্রে কিন্তু সেটাই ঘটল।

## সুন্দরবনবাসির রক্ষাকর্তা বনের মা বনবিবি দেবী



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ইব্রাহিম সুদূর আরব দেশের মদিনা থেকে আসেন বাংলায়। সঙ্গে আসেন তাঁর দুই স্ত্রী। ইব্রাহিমের প্রথম স্ত্রী গুলাল বিবি তাঁর সতীনের প্ররোচনায় সুন্দরবনে পরিত্যক্ত হন। সুন্দরবনের জঙ্গলে গুলাল বিবির গর্ভে আরবদূহিতা বনবিবি ও তাঁর ভাই শাহ জঙ্গলী জন্ম নেন। জন্মের পর থেকেই বনবিবির ঐশ্বরিক ক্ষমতার কথা সারা সুন্দরবনে প্রচারিত হয়ে যায়। আজও জঙ্গলের পশুপাখি থেকে মানুষ সবাই বনবিবির বশ হয়ে যায়।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# গুরুর দেখানো পথে বিবেকানন্দ



মৃত্যুঞ্জয় সরদার
(শেষ পর্ব)

তিনি রামকৃষ্ণের কাছে গেলেন - আর কোথাও যাওয়ার নেই, রাগ করলেও সেখানেই গিয়েছিলেন।

তিনি রামকৃষ্ণকে বললেন, "এই সব ফালতু কথা, এই আধ্যাত্মিকতা, এটা আমাকে কোথায় পাচ্ছে? আমি যদি চাকুরী করতাম এবং আমার যা করার কথা ছিল তা করতাম, আজ আমি আমার মায়ের যত্ন নিতে পারতাম। আমি তাকে খাবার দিতে পারতাম, আমি তাকে ওষুধ দিতে পারতাম, আমি তাকে আরাম দিতে পারতাম। এই আধ্যাত্মিকতা আমাকে কোথায় নিয়ে গেছে?"

রামকৃষ্ণ কালীর উপাসক হওয়ায় তাঁর বাড়িতে একটি কালী মন্দির ছিল। তিনি বললেন, "তোমার মায়ের কি ওষুধ ও খাবার দরকার? তুমি যা চাও মায়ের কাছে চাও না কেন?" এটি বিবেকানন্দের কাছে ভাল পরামর্শ লাগলো এবং তিনি মন্দিরে চলে গেলেন। Story of Swami Vivekananda and Ramakrishna প্রায় এক ঘণ্টা পর তিনি বেরিয়ে এলেন এবং রামকৃষ্ণ জিজ্ঞেস করলেন, "কি মায়ের কাছে খাবার, টাকা এবং তোমার মায়ের যা যা প্রয়োজন তা চেয়েছ?"

বিবেকানন্দ উত্তর দিলেন, "না, আমি ভুলে গেছি।"

রামকৃষ্ণ বললেন, "আবার ভিতরে ফিরে যাও এবং জিজ্ঞাসা কর।"

বিবেকানন্দ আবার মন্দিরে গেলেন এবং চার ঘণ্টা পর ফিরে এলেন। রামকৃষ্ণ তাঁকে প্রশ্ন করলেন, "তুমি কি মাকে জিজ্ঞেস করেছ?"

বিবেকানন্দ বললেন, "না, আমি ভুলে গেছি।"

রামকৃষ্ণ আবার বললেন। "আবার ভিতরে যাও এবং এইবার, জিজ্ঞাসা করতে ভুলবে না।"

বিবেকানন্দ ভিতরে গেলেন এবং প্রায় আট ঘণ্টা পর তিনি বেরিয়ে এলেন। রামকৃষ্ণ আবার তাঁকে জিজ্ঞেস করলেন, "তুমি কি মাকে জিজ্ঞেস করেছ?"

বিবেকানন্দ বললেন, "না, আমি জিজ্ঞেস করব না। আমার জিজ্ঞাসা করার দরকার নেই।"

রামকৃষ্ণ উত্তর দিলেন, "এটা ভালো। আজ যদি কিছু চাইতে তাহলে এটাই হতো আমার আর তোমার শেষ দিন। আমি আর কখনও তোমার মুখ দেখতে পেতাম না, কারণ একজন প্রশ্নকারী বোকা জানে না জীবন কী। একজন প্রশ্নকারী বোকা জীবনের মৌলিক বিষয়গুলো বুঝতে পারেনা।"

প্রার্থনাশীলতা একটি নির্দিষ্ট গুণ। আপনি যদি প্রার্থনাশীল হয়ে ওঠেন, যদি আপনি উপাসক হয়ে ওঠেন, এটি একটি দুর্দান্ত উপায়। কিন্তু আপনি যদি এই আশা নিয়ে প্রার্থনা করেন যে আপনি কিছু পাবেন, তবে তা আপনার জন্য কাজ করবে না।

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## ভবিষ্যতের লক্ষ্যে ভারতের উচ্চাশামূলক কয়েকটি লক্ষ্যের কথা

# স্বাধীনতা দিবসের ভাষণে উল্লেখ করলেন প্রধানমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দেশের ৭৮তম স্বাধীনতা দিবসে ভবিষ্যতের কয়েকটি লক্ষ্যের কথা পুনর্ব্যক্ত করেছেন। ভারতের উন্নয়ন ও অগ্রগতি, উদ্ভাবন প্রচেষ্টা এবং বিভিন্ন ক্ষেত্রে বিশ্বের অন্যান্য অগ্রণী দেশের সঙ্গে ভারতকে সমান সারিতে নিয়ে আসার চিন্তাদর্শ থেকে প্রধানমন্ত্রী ভবিষ্যতের এই লক্ষ্যগুলি সকলের সামনে তুলে ধরেছেন। আজ ভারতের ৭৮তম স্বাধীনতা দিবস উপলক্ষে প্রধানমন্ত্রী তাঁর ভাষণে যে মূল বিষয়গুলির দিকে আমাদের দৃষ্টি আকর্ষণ করেছে তার মধ্যে রয়েছেন - জীবনযাত্রাকে সহজতর করে তোলা, নালন্দার শিক্ষা ভাবনা ও শক্তির পুনরুজ্জীবন, ভারতে চিপ-সেমিকন্ডাক্টর উৎপাদনে প্রসার ও ব্যপ্তি, দক্ষ ভারত গঠন, শিল্পোৎপাদনের কেন্দ্র হিসেবে ভারতকে বিশ্বের সামনে তুলে ধরা, ভারতের নিজস্ব ডিজাইনকে বিশ্বমানের করে তোলা, খেলাধূলার ক্ষেত্রে ভারতকে অগ্রণী একটি দেশ রূপে চিহ্নিত করা, পরিবেশবান্ধব কর্মসংস্থান ও গ্রীন হাইড্রোজেন মিশন, স্বাস্থ্য ভারত মিশন, রাজ্য পর্যায়ে বিনিয়োগের ক্ষেত্রে প্রতিযোগিতামুখিনতা, ভারতীয় মানকে বিশ্বমানে উন্নীত করা, জলবায়ু পরিবর্তন সমস্যার কার্যকর মোকাবিলায় লক্ষ্য স্থির করে দেওয়া, চিকিৎসা শিক্ষার প্রসার এবং তরুণ যুব প্রজন্মকে রাজনীতি মনস্ক করে তোলা। এই লক্ষ্যগুলি সম্পর্কে বলতে গিয়ে প্রধানমন্ত্রী আজ তাঁর ভাষণে জীবনযাত্রাকে আরও সহজ করে তোলার প্রচেষ্টাকে একটি মিশন রূপে গ্রহণ করার জন্য সকলের কাছে আহ্বান জানান। দেশের শহরাঞ্চলে জীবনযাত্রার মানগত উন্নয়নের লক্ষ্যে পরিকাঠামো ও পরিষেবার উন্নয়ন ও প্রসারের ওপর বিশেষ গুরুত্ব আরোপ করেন তিনি। সুপ্রাচীন নালন্দা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ভাবনার শক্তি ও আদর্শকে ফিরিয়ে আনারও আহ্বান জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, ভারতকে উচ্চতর শিক্ষা ও গবেষণার একটি পীঠস্থান রূপে গড়ে তোলার মাধ্যমে বিশ্বের কাছে একটি আদর্শ শিক্ষাভূমি রূপে পরিচিত করানো। এবছর নালন্দা বিশ্ববিদ্যালয়ের উদ্বোধন প্রসঙ্গের অবতারণা করে প্রধানমন্ত্রী এই আহ্বান জানান। অন্যদিকে, সেমিকন্ডাক্টর উৎপাদন ক্ষেত্রে ভারতকে বিশ্বে এক নেতৃস্থানীয় অবস্থানে নিয়ে যেতে আগ্রহ প্রকাশ করেন তিনি। সেমিকন্ডাক্টর আমদানির ওপর নির্ভরতা কমিয়ে এনে প্রযুক্তিগত দিক থেকে ভারতকে স্বনির্ভর করে তোলাই যে তাঁর অন্যতম মূল লক্ষ্য ও উদ্দেশ্য একথাও আজ দৃঢ়তার সঙ্গে ব্যক্ত করেন তিনি। এদিনের ভাষণে ২০২৪-এর বাজেট প্রসঙ্গের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, ভারতের যুবসমাজকে উপযুক্ত প্রশিক্ষণ দানের মাধ্যমে দেশকে বিশ্বের সামনে দক্ষতা বিকাশের রাজধানী রূপে প্রতিভাত করতে তিনি বিশেষ ভাবে আগ্রহী। ভারতকে বিশ্বের একটি উৎপাদন কেন্দ্র রূপে গড়ে তোলারও চিন্তা-ভাবনা রয়েছে প্রধানমন্ত্রীর। এজন্য তিনি দেশের বিশাল সহায়সম্পদ এবং দক্ষ কর্মশক্তির মধ্যে মিলন ও সমন্বয় সাধনের আগ্রহ প্রকাশ করেন। ভারতে বর্তমানে অনেক উৎপাদনেরই নতুন নতুন ডিজাইনই উদ্ভাবিত হচ্ছে। এই ভাবে দেশ-বিদেশের বাজারের দিকে লক্ষ্য রেখে উন্নত মানের পণ্য উৎপাদনের ওপর জোর দেন তিনি।

প্রধানমন্ত্রী মোদী আজ তাঁর ভাষণে বলেছেন যে ভারতে খেলাধূলার সাজসরঞ্জাম উৎপাদন ক্ষেত্রে ভারতের সমৃদ্ধ ও সুপ্রাচীন উত্তরাধিকার ও সাহিত্যকে কাজে লাগাতে হবে। কারণ তার মধ্যে এর সমস্ত কিছুরই উল্লেখ রয়েছে। ভারতীয় পেশাদারদের এবিষয়ে বিশ্বের বাজার দখলেরও আহ্বান জানিয়েছেন তিনি। প্রধানমন্ত্রীর মতে শুধুমাত্র খেলাধূলার জন্যই নয়, বরং নতুন নতুন ক্রীড়া ভাবনার জন্যও তা একান্ত জরুরী। প্রধানমন্ত্রীর মতে ভারতীয় খেলাধূলা সম্পর্কে সারা বিশ্বে আরও বেশি করে অগ্রহ জাগিয়ে তুলতে হবে। জলবায়ু পরিবর্তনের মোকাবিলায় ভারতের কর্ম প্রচেষ্টাকে আরও এগিয়ে নিয়ে যেতে পরিবেশবান্ধব কর্মসংস্থানের ওপরও জোর দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, ভারতের মূল লক্ষ্য হল এখন পরিবেশবান্ধব সমৃদ্ধি ও অগ্রগতি নিশ্চিত করার পাশাপাশি দূষণ মুক্ত পরিবেশে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা। তা একদিকে যেমন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির ক্ষেত্রে সহায়ক হবে, অন্যদিকে তেমনি পরিবেশ সুরক্ষার কাজেও উপকারে আসবে। এদিন, গ্রীন হাইড্রোজেন উৎপাদন ক্ষেত্রে বিশ্বের সামনে ভারতকে এক অগ্রণী স্থানে নিয়ে যাওয়ার লক্ষ্যে ভারতের অঙ্গীকারবদ্ধতার কথাও ব্যক্ত করেন প্রধানমন্ত্রী। তিনি বলেন, পরিবেশ সংরক্ষণ এবং পুনর্নবীকরণযোগ্য জ্বালানি প্রচেষ্টার ক্ষেত্রে নিরন্তর কর্মসংস্থান এই মুহূর্তে উন্নয়নের একটি পূর্ব শর্ত হয়ে উঠতে পারে। আগামী ২০২৪ সালের মধ্যে 'বিকশিত ভারত'-এর স্বপ্নকে সফল করে তুলতে আগ্রহী প্রধানমন্ত্রী। আজ তাই তাঁর ভাষণে শ্রী মোদী বলেন যে 'সুস্থ ভারত'-এর চিন্তাদর্শের পথ আমাদের অবশ্যই অনুসরণ করতে হবে। কারণ, রাষ্ট্রীয় পুষ্টি অভিযানের মধ্য দিয়ে ইতিমধ্যেই তার সূচনা হয়েছে। বিনিয়োগ আকর্ষণের লক্ষ্যে সুস্পষ্ট লক্ষ্য স্থির করার জন্য রাজ্য সরকারগুলিকে আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। এজন্য রাজ্যগুলির আইন-শৃঙ্খলা পরিস্থিতি তথা উন্নত প্রশাসনিক ব্যবস্থার ওপর বিনিয়োগকারীদের আস্থা ও বিশ্বাস গড়ে তুলতে রাজ্যগুলিকে এগিয়ে আসার আহ্বান জানান তিনি। শ্রী মোদী বলেন, ভারতীয় মানকে আন্তর্জাতিক মানে উন্নীত করতে আমাদের অবশ্যই অঙ্গীকার পালন করতে হবে। কারণ, এই বিষয়টিতে আমরা বরাবরই বিশেষ জোর দিয়ে আসছি। আগামী ২০৩০ সালের মধ্যে ৫০০ গিগাওয়াট পুনর্নবীকরণযোগ্য জ্বালানি উৎপাদনের লক্ষ্য পূরণে ভারত একটি উচ্চাকাঙ্খী দেশ হিসেবে পরিচিতি লাভ করেছে। ভারত হল জি২০ ভুক্ত রাষ্ট্রগুলির মধ্যে একমাত্র দেশ যা প্যারিস চুক্তির লক্ষ্য পূরণে সাফল্য দেখিয়েছে। আগামী ৫ বছরে দেশে ৭৫,০০০ নতুন চিকিৎসা শিক্ষার আসন যুক্ত করার কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন, ভারতে চিকিৎসা শিক্ষার সুযোগকে আরও সম্প্রসারিত করে তোলার ক্ষেত্রে তা এক বিশেষ অনুঘটকের কাজ করবে। শুধু তাই নয়, চিকিৎসকদের উত্তরোত্তও চাহিদা বৃদ্ধির বিষয়টি সামনে রেখে এই আসন বৃদ্ধির কথা ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী। ভারতীয় রাজনীতিতে এক লক্ষ যুবককে যুক্ত করার আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী। যে সমস্ত পরিবার থেকে এতদিন পর্যন্ত কোন রাজনৈতিক কর্মী বা নেতা গড়ে ওঠেনি, সেই পরিবারগুলির যুবকদের রাজনীতি মনস্ক করে তোলার ডাক দিয়েছেন প্রধানমন্ত্রী। তিনি বলেছেন যে বর্ণবিদ্বেষ ও সংকীর্ণতা দূর করতে এবং দেশের রাজনৈতিক আঙিনায় নতুন নতুন মুখ নিয়ে আসতে এই প্রচেষ্টা বিশেষ ভাবে কাজে আসবে।

৩ পাতার পর

# ৭৮ তম স্বাধীনতা দিবসে শুভেচ্ছার জন্য বিশ্ব নেতৃবর্গকে ধন্যবাদ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

শুভেচ্ছায় প্রধানমন্ত্রী এক্স হ্যান্ডলে লিখেছেন,

"প্রধানমন্ত্রী @Giorgia Meloni স্বাধীনতা দিবসে শুভেচ্ছা জানানোয় কৃতজ্ঞতা জানাই। ভারত-ইতালি বন্ধুত্বের সম্পর্কের প্রসার এবং উন্নত ধরিত্রি গড়ে তুলতে উভয়ের অবদান ফলপ্রসূ হোক"।

গায়নার কো-অপারেটিভ রিপাবলিকের রাষ্ট্রপতি ডঃ ইরফান আলিকে ভারতের স্বাধীনতা দিবসের শুভেচ্ছা জানানোয় ধন্যবাদ জানিয়েছেন প্রধানমন্ত্রী।

ডঃ আলির শুভেচ্ছার প্রত্যুত্তরে শ্রী মোদী এক্স হ্যান্ডলে লিখেছেন,

"@presidentaligy আপনার হার্দ্য শুভেচ্ছার জন্য ধন্যবাদ। উভয় দেশের মানুষের বন্ধুত্বকে শক্তিশালী করার লক্ষ্যে কাজ করে যেতে সামনের দিকে তাকিয়ে আছি"।

# সিনেমার খবর

## প্রথমবার বধির নারী জিতলেন মিস দক্ষিণ আফ্রিকার শিরোপা





**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মিস দক্ষিণ আফ্রিকা মুকুট জয় করলেন মিয়া লে রউক্স। প্রথম বধির নারী হিসেবে তিনি এই প্রতিযোগিতার সেরার মুকুট মাথায় পরলেন।

দক্ষিণ আফ্রিকার সেরা সুন্দরীর মুকুট জয়ের পর এক ভাষণে মিয়া লে রউক্স বলেন, তার এই জয় তাদের জন্য সহায়ক হবে, যারা নিজেদের এই সমাজের বাইরের বলে মনে করে।

২৮ বছর বয়সী মিয়া মাত্র এক বছর বয়সেই শ্রবণশক্তি হারিয়েছিলেন। ফলে শব্দ উপলব্ধি করতে পারার জন্য তার দেহে কক্লিয়ার ইমপ্লান্ট করা হয়েছিল। প্রথম শব্দটি উচ্চারণ করতে সক্ষম হওয়ার আগে অন্তত দুই বছর তাকে স্পিচ থেরাপিও নিতে হয়েছিল বলে জানিয়েছেন মিয়া।

জেতার পর মডেল এবং মার্কেটিং ম্যানেজার মিয়া আরও বলেছেন: "আমি গর্বিত একজন দক্ষিণ আফ্রিকান বধির নারী এবং আমি জানি বাদ দিলে কেমন লাগে।

"আমি এখন জানি যে আমাকে বাধার দেয়াল ভাঙার জন্য এই পৃথিবীতে রাখা হয়েছিল এবং আমি আজ রাতে এটা আমি করেছি।"

## কাজলকে কেন কটাক্ষ করলেন করণ জোহর?



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডে অন্যতম তারকা দম্পতি কাজল ও অজয় দেবগন। দাম্পত্য জীবনের এক যুগ পার করেছেন তারা। এক দিকে পেশাগত জীবন, অন্য দিকে পরিবার ও সন্তান।

সম্প্রতি করণ জোহর সঙ্গে এক সাক্ষাৎকারে অজয়ের সঙ্গে দাম্পত্যের কথা তুলে ধরলেন অভিনেত্রী আর এখানেই কটাক্ষ করে বিভিন্ন ধরনের প্রশ্ন করেন করণ। স্ত্রী হিসেবে কখনও নিরাপত্তাহীনতার অনুভূতি হয়নি বলে জানান এ অভিনেত্রী। দু'জনের ব্যক্তিত্ব ভিন্ন হলেও জীবনের গুরুত্বপূর্ণ দিকগেলো স্পষ্ট তাদের কাছে। পরিবার তাদের কাছে সব সময় অগ্রাধিকার পায়। এ তারকা জুটির মাঝখানে অনেকটা জায়গা জুড়ে রয়েছে বিশ্বস্ততা। প্রথম থেকেই স্থির ছিল, একসঙ্গে তারা লম্বা জীবন কাটাবেন। এই প্রসঙ্গে কাজল বললেন, 'আমরা দু'জনেই কাজ করতে চেয়েছি। পাশাপাশি পারিবারিক জীবনে কোনও খামতি রাখতে চাইনি।'

কথার মাঝে করণ বলেন, 'তোমাকেও সামলান অজয়। তুমি তো প্রেশার কুকার। যে কোনও সময় বিস্ফোরণ ঘটাতে পারো!'

এরপরে সাক্ষাৎকারে করণ জিজ্ঞেস করেন, 'ইন্ডাস্ট্রিতে কার সঙ্গে রোম্যান্টিক ডেটে যেতে চাও?' প্রশ্নের জবাবে কাজল বললেন, 'আমার স্বামী! ওর সঙ্গে সময় কাটাতেই পারি না। আমি ওকে রোম্যান্টিক ডেটে নিয়ে যেতে চাই।'

ইন্ডাস্ট্রিতে সবথেকে আবেদনময়ী অভিনেতা কে? কর্ণের প্রশ্ন শুনে কাজল আবারও জানান, তার স্বামী। জবাব শুনে করণ বলেন, 'ভাল হোক বা খারাপ! আমার স্বামী দেবতা!' কাজল বলেন, 'এ রকম কোনও ব্যাপার নেই। আমার ভাল লাগে অজয়কে। ওকেই সবচেয়ে আবেদনময়ী মনে হয় আমার।'

## যে কারণে অতীত মুছতে পারছেন না সানি লিওন



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** এক সময়ে নীল সিনেমা জগতের জনপ্রিয় তারকা ছিলেন সানি লিওন। প্রায় ১৩ বছর আগে সেই দুনিয়া থেকে নিজেকে সরিয়ে নিয়ে ভারতে চলে আসেন তিনি। নতুন পরিচয়ে অভিনেত্রী হিসেবে কাজ শুরু করেন বলিউডে।

অন্ধকার সেই জগত থেকে সরে আসলেও নিজের নামের পাশ থেকে এখনও পর্ন তারকার পরিচয় মুছে ফেলতে পারেননি সানি। যা নিয়ে সম্প্রতি আক্ষেপ প্রকাশ করেছেন তিনি।

ভারতীয় গণমাধ্যমে দেওয়া এক সাক্ষাৎকারে সানি লিওন জানান, তিনি যখন বলিউডে প্রথম পা রেখেছিলেন তখন এই তকমার জন্য তার বেশ সমস্যা হতো।

অভিনেত্রীর কথায়, 'আমি যখন প্রথম ভারতে এসেছিলাম তখন জানতাম, লোকজন নির্দিষ্ট কিছু শব্দ ব্যবহার করবে আমার জন্য। সেটা স্বাভাবিক ছিল। কিন্তু এখনও যখন তারা আমার অতীত নিয়ে কথা বলেন, সেটা আমার কাছে সমস্যার বলেই মনে হয়।'

আক্ষেপ প্রকাশ করে সানি বলেন, '১৩ বছর হয়ে গেছে আমি এখানে এসেছি। এখনও যদি অতীতকে না ছাড়তে পারেন তাহলে আর কবে সামনের দিকে আগাবেন? এটাই এখন সময়। এই বিষয় নিয়ে আর আলোচনা করতে ভালো লাগে না।'

অভিনেত্রী বলেন, 'আমার জীবনে যেটা ঘটেছিল সেটা সবার জানা। বিগত ১৩ বছরে আমরা সবাই অনেক কাজ করেছি, নিজেদের মতো এগিয়ে গিয়েছি। কিন্তু তবুও এখনো অনেকেই আমার এই অতীত, তকমাটা ব্যবহার করেন শুধুমাত্র নিজেদের পাঠক, দর্শক পেতে।'

কানাডার অন্টারিওতে বড় হয়েছেন সানি লিওন। যদিও তিনি একজন পাঞ্জাবি পরিবারের মেয়ে। তার আসল নাম করণজিৎ কৌর বোহরা। কানাডিয়ান এবং আমেরিকান নাগরিকত্ব রয়েছে এই অভিনেত্রীর।

বিগ বস শোয়ের মাধ্যমে বলিউডে পা রাখেন সানি। এরপর পূজা ভাটের জিসম ২ সিনেমার হাত ধরে অভিনয় যাত্রা শুরু করেন। পরবর্তীতে শুটআউট অ্যাট ওয়াডালা, রাগিণী এমএমএস ২, হেট স্টোরি ২, ইত্যাদি ছবিতে কাজ করেছেন।

## ট্রাম্পের সমাবেশে 'টাইটানিক' সিনেমার গান, ক্ষুব্ধ সেলিন ডিওন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের নির্বাচনি সমাবেশে টাইটানিক সিনেমার বিখ্যাত গান 'মাই হার্ট উইল গো অন' বাজানোর নিন্দা জানিয়েছেন গণটির কানাডীয় গায়িকা সেলিন ডিওন।

টাইটানিকের 'থিম সং' হিসেবে পরিচিত এই গান ও এর ভিডিও ক্লিপ সম্প্রতি যুক্তরাষ্ট্রের মনটানা রাজ্যের বোজম্যানে রিপাবলিকান প্রেসিডেন্ট প্রার্থী ট্রাম্পের একটি নির্বাচনি সমাবেশে মঞ্চের পাশেই বড় পর্দায় বাজিয়ে দেখানো হয়।

এরপরই গানটির ভিডিও ক্লিপ অনুমতি না নিয়েই ব্যবহারের নিন্দা জানিয়েছেন সেলিন ডিওন। তার সামাজিক যোগাযোগমাধ্যমের একাউন্টে বলা হয়, "এ গান ও ভিডিও ব্যবহারের অনুমতি কোনওভাবেই ছিল না। ডিওন গানের এই ধরনের কোনওরকম ব্যবহারের অনুমতি দেন না। আর সত্যিই, সেই গান?"

পাঁচবার গ্র্যামি পুরস্কার জয়ী ডিওন এই গানের জন্য বহুল পরিচিত। ২০১৭ সালের জানুয়ারিতে ট্রাম্পের প্রেসিডেন্ট হিসাবে দায়িত্ব নেওয়ার উদ্বোধনী অনুষ্ঠানেও ডিওন এই গান গাইতে অস্বীকৃতি জানিয়েছিলেন।

বাংলাদেশ সিরিজে

# শামিকে পেতে আশাবাদী ভারত



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** মোহাম্মদ শামির অ্যাঙ্কেলের চোটের আশাব্যঞ্জক উন্নতি হয়েছে। প্রায় ৯ মাস ধরে মাঠের বাইরে থাকা পেসারকে তাই আগামী মাসে বাংলাদেশের বিপক্ষে টেস্ট সিরিজে পাওয়ার আশায় আছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)।

চেন্নাইয়ে আগামী ১৯ সেপ্টেম্বর শুরু হবে বাংলাদেশের বিপক্ষে ভারতের প্রথম টেস্ট। আইসিসি বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের সিরিজকে লক্ষ্য বানিয়েই এখন বেঙ্গালুরুর ন্যাশনাল ক্রিকেট একাডেমিতে (এনসিএ) পরিশ্রম করছেন শামি।

বাংলাদেশ সিরিজের আগে আগামী ৫ সেপ্টেম্বর শুরু হবে দিলিপ ট্রফি। ইএসপিএন ক্রিকইনফোর প্রতিবেদনে বলা হয়েছে, ফিটনেসের অবস্থা বোঝার জন্য দিলিপ ট্রফির অন্তত একটি ম্যাচে শামিকে খেলানো হবে কি-না, সেই সিদ্ধান্ত শিগগিরই নেবেন নির্বাচকরা।

আপাতত এনসিএতে পুনর্বাসন প্রক্রিয়ার শেষ পর্যায়ে রয়েছেন ৩৩ বছর বয়সী পেসার। অ্যাঙ্কেলে সফল অস্ত্রোপচারের পর গত মাসে বোলিং শুরু করেছেন তিনি। ব্যথামুক্ত হওয়ার পর থেকে ধীরে ধীরে বাড়ানো হচ্ছে তার বোলিং ওয়ার্কলোড।

শ্রীলঙ্কা সফরের জন্য গত মাসে দেশ ছাড়ার আগে প্রধান নির্বাচক অজিত আগারকারও বলেছিলেন, বাংলাদেশ সিরিজে চোখ রেখেই শামির ফেরার পরিকল্পনা সাজানো হয়েছে।

তিনি জানান, "শামি বোলিং শুরু করেছে। এটি খুব ভালো দিক। সেপ্টেম্বরের ১৯ তারিখ (বাংলাদেশের বিপক্ষে) প্রথম টেস্ট এবং সবসময় সেটিই লক্ষ্য ছিল। আমি জানি না, এর মধ্যে সে সেরে উঠতে পারবে কিনা। এনসিএতে থাকা ব্যক্তিদের সঙ্গে কথা বলতে হবে।"

ঘরের মাঠে বাংলাদেশ সিরিজ বা এরপর নিউ জিল্যান্ডের বিপক্ষে যদি খেলতে নাও পারেন, তবু নভেম্বরে অস্ট্রেলিয়া সফরের আগে পুরোপুরি সুস্থ হওয়ার যথেষ্ট সময় পাবেন শামি। এর আগে অক্টোবরে শুরু হবে রাঞ্জি ট্রফি। এছাড়া 'এ' দলেরও কিছু ম্যাচ থাকায় ফিটনেস প্রমাণ করার অনেক সুযোগ পাবেন শামি।

গত বছরের নভেম্বরে ওয়ানডে বিশ্বকাপের ফাইনালের পর আর কোনো ধরনের কোনো ম্যাচ খেলতে পারেননি শামি। প্রাথমিকভাবে মনে করা হয়েছিল, চোটের মাত্রা অতটা তীব্র নয়। তাই ডিসেম্বরে দক্ষিণ আফ্রিকা সফরের দলেও রাখা হয়েছিল তাকে।

পরে দল থেকে বাদ দিয়ে তাকে পাঠানো হয় এনসিএতে। তখন লক্ষ্য ছিল ফেব্রুয়ারিতে ঘরের মাঠে ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট সিরিজ। কিন্তু তখন ডান পায়ের অ্যাঙ্কেলে ফোলা না কমার কারণে অস্ত্রোপচারের সিদ্ধান্ত নেওয়া হয়। ফলে গুজরাট টাইটান্সের হয়ে আইপিএল ও পরে টি-টোয়েন্টি বিশ্বকাপও খেলা হয়নি তার।

# প্যারিস অলিম্পিকে পদক তালিকার শীর্ষে যুক্তরাষ্ট্র



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** প্রতিবারের মতো প্যারিস অলিম্পিকেও যুক্তরাষ্ট্র এবং চীনের মধ্যে পদকের লড়াই ছিল চোখে পড়ার মতো। তবে এবারের আসরে নাটকীয়তার শেষ ছিল না। ফ্রান্সের রাজধানীতে অনুষ্ঠিত অলিম্পিকের শেষ ইভেন্ট ছিল নারীদের বাস্কেটবল। যুক্তরাষ্ট্রের দল এই ইভেন্টে স্বর্ণ জয়ের মিশনে নেমেছিল। আগের সাতবারের চ্যাম্পিয়ন হিসেবে তারা ছিল এই ম্যাচের ফেভারিট। কিন্তু ফ্রান্সের দল যুক্তরাষ্ট্রকে কঠিন চ্যালেঞ্জের মুখোমুখি করে।

ম্যাচের একেবারে শেষ মুহূর্তে ফ্রান্সের গ্যাবি উইলিয়ামস বলটি তিন পয়েন্টের জন্য ছুঁড়েছিলেন, যা প্রথমে ৩ পয়েন্ট মনে হলেও পরে রিপ্লেতে দেখা যায় যে বলটি মাত্র ২ পয়েন্ট হিসেবেই গোনা হবে। ফলস্বরূপ, যুক্তরাষ্ট্র ৬৭-৬৬ পয়েন্টে বিজয়ী হয়ে স্বর্ণ পদক জিততে সক্ষম হয়।

এই স্বর্ণ পদকটি ছিল যুক্তরাষ্ট্রের এবারের অলিম্পিকে ৪০তম স্বর্ণ। চীনও একই সংখ্যক স্বর্ণ জিতেছে, কিন্তু রুপার পদকের সংখ্যায় পিছিয়ে থাকার কারণে যুক্তরাষ্ট্রই শীর্ষে উঠে আসে। এই নিয়ে টানা চারটি অলিম্পিক যুক্তরাষ্ট্র পদক তালিকায় সবার ওপরে থেকে শেষ করল, যা তাদের অলিম্পিক ইতিহাসের সেরা অবস্থানগুলোর একটি।

প্যারিসে যুক্তরাষ্ট্রের মোট পদকের সংখ্যা ছিল ১২৬টি, যার মধ্যে ৪০টি স্বর্ণ, ৪৪টি রুপা এবং ৪২টি ব্রোঞ্জ। অন্যদিকে, চীন জিতেছে ৯১টি পদক, যার মধ্যে ৪০টি স্বর্ণ, ২৭টি রুপা এবং ২৪টি ব্রোঞ্জ। জাপান ২০টি স্বর্ণসহ মোট ৪৫টি পদক নিয়ে তৃতীয় স্থানে অবস্থান করেছে, আর স্বাগতিক ফ্রান্স ১৬টি স্বর্ণ সহ ৬৪টি পদক নিয়ে পাঁচ নম্বরে রয়েছে। এবারের অলিম্পিকে মোট ৮৯টি দেশ পদক জিতেছে। এছাড়া, রিফিউজি ও দেশের পরিচয়বিহীন অ্যাথলেটরাও পদক জিতেছেন। দক্ষিণ এশিয়ার মধ্যে পাকিস্তান ও ভারতও পদক তালিকায় নিজেদের নাম লেখাতে সক্ষম হয়েছে।

# ট্রফি জিতেও খুশি হতে পারছেন না গার্দিওলা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কমিউনিটি শিল্ড জিতে নতুন মৌসুমের শুরুটা দারুণ হয়েছে ম্যানচেস্টার সিটির। তবে ট্রফি জিতলেও প্রিমিয়ার লিগ শুরুর আগে নিজেদের পুরোপুরি প্রস্তুত ভাবতে পারছেন না দলটির কোচ পেপ গার্দিওলা। সেরাটা থেকে তারা এখনও অনেকটা দূরে বলে মনে হচ্ছে তার।

আগের মৌসুমের প্রিমিয়ার লিগ ও এফএ কাপের চ্যাম্পিয়নদের মধ্যে হয় কমিউনিটি শিল্ডের লড়াই। লন্ডনের ওয়েম্বলি স্টেডিয়ামে নগরপ্রতিদ্বন্দ্বী ম্যানচেস্টার ইউনাইটেডের বিপক্ষে টাইব্রেকারে ৭-৬ গোলে জেতে সিটি। নির্ধারিত ৯০ মিনিটের খেলা শেষ হয় ১-১ সমতায়।

এবার প্রাক-মৌসুম প্রস্তুতিপর্বে যুক্তরাষ্ট্র সফর ভালো কাটেনি সিটির। প্রথম দুই ম্যাচেই হারে তারা- সেল্টিকের বিপক্ষে ৪-৩ গোলে ও এসি মিলানের কাছে ৩-২ ব্যবধানে। পরের ম্যাচে বার্সেলোনার সঙ্গে মূল ম্যাচে ১-১ ড্রয়ের পর টাইব্রেকারে হেরে যায় ইংলিশ চ্যাম্পিয়নরা। শেষ ম্যাচে আর্লিং হালান্ডের হ্যাটট্রিকে চেলসিকে ৪-২ গোলে হারায় গার্দিওলার দল।

কমিউনিটি শিল্ডে উজ্জ্বল ছিল না সিটির পারফরম্যান্স। গোলের জন্য ৯টি শট নিয়ে মাত্র একটি লক্ষ্যে রাখতে পারে তারা। ৮২তম মিনিটে আলেহান্দ্রো গারনাচোর গোলে ইউনাইটেড এগিয়ে যাওয়ার পর ৮৯তম মিনিটে সমতা টানেন বের্নার্দো সিলভা।

আগামী সপ্তাহে স্ট্যামফোর্ড ব্রিজে চেলসির বিপক্ষে ম্যাচ দিয়ে প্রিমিয়ার লিগের শিরোপা ধরে রাখার অভিযান শুরু করবে সিটি। তবে কমিউনিটি শিল্ড জয়ের পর নিজেদের প্রস্তুতি নিয়ে অসন্তুষ্টির কথা জানান গার্দিওলা।

তিনি জানান, "আমরা প্রস্তুত কি-না, সে উত্তর আমি দিতে পারছি না। আমরা আজ হারতেও পারতাম। কয়েক মিনিট আগেও আমরা হারের কাছাকাছি ছিলাম... আমি আজ অনেক কিছু দেখেছি, যা আমার ভালো লেগেছে। প্রথম ৩৫ মিনিট অসাধারণ ছিল।"

তিনি আরও বলেন, "আমরা নিজেদের সেরা ফুটবল থেকে এখনও অনেক দূরে আছি। এটা স্বাভাবিক, তবে এটাও ভালো যে আমরা একটি শিরোপা জিতে শুরু করতে পেরেছি। কিন্তু বাস্তবতা হলো কিছুই পরিবর্তন হয়নি।"

অবসর নিলেন ওভারে

# ছয় ছক্কা মারা মালহোত্রা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়ানডে ক্রিকেটে দ্বিতীয় ব্যক্তি হিসেবে ওভারে ছয়টি ছক্কা মেরেছেন জাসকারান মালহোত্রা। ওয়ানডে ক্রিকেটে যুক্তরাষ্ট্রের প্রথম সেঞ্চুরিয়ানও তিনি। ডানহাতি এই ব্যাটার ৩৪ বছর বয়সে আন্তর্জাতিক ক্রিকেট থেকে অবসরে যাওয়ার ঘোষণা দিয়েছেন।

৩৫ ম্যাচের আন্তর্জাতিক ক্যারিয়ারে ছয় ছক্কা তার সবচেয়ে বড় অর্জন। ২০২১ সালে পাপুয়া নিউগিনির বিপক্ষে এই কীর্তি গড়েন তিনি। সেদিন ভুক্তভোগী বোলার ছিলেন ডানহাতি মিডিয়াম পেসার গৌদি টোকা। একই ম্যাচে ১২৪ বলে ১৭৩ রানের ইনিংস খেলেন মালহোত্রা। ১৬ ছক্কার ইনিংসটিই ওয়ানডে ক্রিকেটে যুক্তরাষ্ট্রের প্রথম সেঞ্চুরি।

ওভারে ছয় ছক্কা মেরে অসাধারণ এক ক্লাবে ঢুকেছেন মালহোত্রা। ২০০৭ সালের ওয়ানডে বিশ্বকাপে ছয় ছক্কা মেরে যা শুরু করেছিলেন হার্শেল গিবস। একই বছর টি-টোয়েন্টি বিশ্বকাপে যুবরাজ সিংয়ের ব্যাটে স্টুয়ার্ড ব্রডের উপর পড়ে ছয় ছক্কার মার। শ্রীলঙ্কার আকিলা ধনঞ্জয়াকে এই তিক্ত অভিজ্ঞতা দিয়ে ২০২১ সালে কিয়েরন পোলার্ড তাদের সঙ্গে যোগ দেন। চলতি বছর নেপালের দীপেন্দ্র সিং আইরিও এই ক্লাবে ঢুকেছেন। কাতারের কামরান খানের এক ওভারে ডানহাতি এই ব্যাটার ছয়টি ছক্কা মেরেছেন।

ভারতে জন্ম নেওয়া মালহোত্রার ২০১৯ সালে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হয়। সাম্প্রতিককালে যুক্তরাষ্ট্র ক্রিকেটের দৃশ্যপট থেকে হারিয়ে গেছেন তিনি। সবশেষ ২০২২ সালে আন্তর্জাতিক ক্রিকেট খেলেছেন।

মেজর লিগ ক্রিকেটের প্রথম আসরে লস অ্যাঞ্জেলেস নাইট রাইডার্সে খেলেছিলেন। যুক্তরাষ্ট্রের ফ্র্যাঞ্চাইজি লিগে এবছর দল পাননি। এর আগে ২০২৪ সালের টি-টোয়েন্টি বিশ্বকাপের দলেও জায়গা হয়নি তার। এবার ৩৪ বছর বয়সে আন্তর্জাতিক ক্রিকেটকে বিদায় বলে ফেললেন মালহোত্রা।

# বিশ্বরেকর্ড গড়লেন সিডনি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারিস অলিম্পিকে স্বর্ণ জয়ের দৌড়ে সমান তালে এগোচ্ছে চীন ও যুক্তরাষ্ট্র। দুদলই ৩৫টি করে সমান স্বর্ণ জিতলেও রৌপ্য ও ব্রোঞ্জ জয়ে এগিয়ে থাকায় শীর্ষে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। দেড় মাসও পেরোয়নি, এর মধ্যেই নতুন করে বিশ্বরেকর্ড গড়েছেন যুক্তরাষ্ট্রের সিডনি ম্যাকলাফলিন লেভরন। মেয়েদের ৪০০ মিটার হার্ডলসে ৫০.৩৭ সেকেন্ড সময় নিয়ে স্বর্ণ জিতেছেন এই অ্যাথলেট।

টোকিওতে গড়েছিলেন অলিম্পিক রেকর্ড, গত জুনে বিশ্বরেকর্ড মেয়েদের ৪০০ মিটার স্প্রিন্টে তাই ফেভারিট ছিলেন লেভরনই। প্যারিসে আরেকবার বিশ্বরেকর্ড গড়েই স্বর্ণ জিতেছেন যুক্তরাষ্ট্রের এই অ্যাথলেট। ৫০.৩৭ সেকেন্ড সময় নিয়েছেন লেভরন। ৩০ জুন আগের রেকর্ডটি গড়েছিলেন ৫০.৬৫ সেকেন্ডে। রুপা জিতেছেন আরেক মার্কিন অ্যাথলেট অ্যানা ককরেল (৫১.৮৭), ব্রোঞ্জ নেদারল্যান্ডসের ফেমকে বোলের (৫২.১৫)।

এদিকে ছেলেদের ১১০ মিটার হার্ডলসে স্বর্ণ জিতেছেন যুক্তরাষ্ট্রের গ্র্যান্ট হোলোওয়ে। ১২.৯৯ সেকেন্ডে রেস শেষ করেন তিনি। ১৩.০৯ সেকেন্ড নিয়ে তার স্বদেশি ড্যানিয়েল রবার্টস রুপা ও জ্যামাইকার রাশিদ ব্রোডবেল জেতেন ব্রোঞ্জ।

প্যারিসে পাকিস্তানের প্রথম অ্যাথলেট হিসেবে অলিম্পিকের ব্যক্তিগত ইভেন্টে স্বর্ণ জিতেছেন আরশাদ নাদিম। টোকিও অলিম্পিকে স্বর্ণজয়ী ভারতের নীরজ চোপরাকে পেছনে ফেলে জ্যাভেলিন থ্রোর স্বর্ণ জিতেছেন আরশাদ। স্বর্ণ জেতার দিনে রেকর্ডও গড়েছেন আরশাদ। ৯২.৯৭ মিটার পেরিয়ে নতুন অলিম্পিক রেকর্ডও গড়েছেন তিনি। তাতে ভেঙেছেন ২০০৮ সালে বেইজিংয়ে নরওয়ের আন্দ্রেয়াস থরকিল্ডসেনের ৯০.৫৭ মিটারের রেকর্ড। আরশাদের কাছে স্বর্ণ হারিয়ে রৌপ্য জিতেছেন চোপরা। তিনি ছুড়েছেন ৮৯.৪৫ মিটার। এই ইভেন্টে ৮৮.৫৪ মিটারে তৃতীয় হয়ে ব্রোঞ্জ জিতেছেন গ্রেনাডার অ্যান্ডারসন পিটার্স।

ফুটবলে গত কয়েক বছর ধরেই উন্নতি করছে মরক্কো। এরই ধারাবাহিকতায় সাফল্য এসেছে অলিম্পিক গেমসে। পুরুষ ফুটবল ইভেন্টে ব্রোঞ্জপদক পেয়েছেন আশরাফ হাকিমিরা। মিসরকে গতকাল ৬-০ গোলের বিশাল ব্যবধানে উড়িয়ে প্রথমবারের মতো অলিম্পিক ফুটবলে পদক পেয়েছে মরক্কো। বিজয়ীদের পক্ষে জোড়া গোল করেন সুফিয়ান রাহিমি। অধিনায়ক হাকিমি ফ্রি-কিক থেকে চমৎকার এক গোল করেন। বাকি তিনটি করেন আকরাম নাকাচ, বিল্লাল খান্নাউস ও আবদে এজ্জাজৌলি।

মেয়েদের কুস্তির ইতিহাসে অন্যতম সেরাদের কাতারে নাম লিখিয়েছেন জাপানের আকারি ফুজিনামি। টানা ১৩০ ম্যাচ জিতে প্যারিসে যাওয়া ফুজিনামি প্যারিসে মেয়েদের ফ্রিস্টাইল কুস্তির ৫৩ কেজি বিভাগে টানা চার ম্যাচে জয় পেয়ে জিতে নিয়েছেন স্বর্ণ। গতকাল ফাইনালে ইকুয়েডরের লুনিয়া ইয়ামিলেথ ইয়েপেজ গুজমানকে ১০-০ পয়েন্টে হারিয়ে প্রথম অলিম্পিক পতক জিতেছেন ফুজিনামি।

সিন নদীতে গতকাল মেয়েদের ম্যারাথন সাঁতারে স্বর্ণ জিতেছেন নেদারল্যান্ডসের শ্যারন ফন রুভেনডাল সময় নিয়েছেন ২ ঘণ্টা ৩ মিনিট ৩৪.২ সেকেন্ড। ২ ঘণ্টা ৩ মিনিট ৩৯.৭ সেকেন্ড সময় নিয়ে এ ইভেন্টে দ্বিতীয় হয়ে রুপা জিতেছেন অস্ট্রেলিয়ার মোয়েশা জনসন। ব্রোঞ্জপদক দখলে নেয়া ইতালির গিনেয়েভ্রা তাদুয়েচ্চি সময় নিয়েছেন ২ ঘণ্টা ৩ মিনিট ৪২.৮ সেকেন্ড সময়।

# ইংল্যান্ড ফুটবল দলের অন্তর্বর্তীকালীন কোচ কার্সলি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** গ্যারেথ সাউথগেট দায়িত্ব ছাড়ার পর থেকে নতুন কোচের সন্ধানে আছে ইংল্যান্ড। আপাতত লি কার্সলিকে অন্তর্বর্তীকালীন কোচ হিসেবে নিয়োগ দিয়েছে ইংল্যান্ডের ফুটবল অ্যাসোসিয়েশন। আগামী সেপ্টেম্বরে শুরু হবে এবারের নেশন্স লিগ। মূলত ওই টুর্নামেন্টকে সামনে রেখেই কার্সলিকে গুরুদায়িত্বটি দিয়েছে ইংলিশরা।

এবারের ইউরোর ফাইনালে স্পেনের বিপক্ষে ২-১ গোলে হারের দুই দিন পরই ইংল্যান্ড কোচের পদ থেকে পদত্যাগ করেন সাউথগেট। তার কোচিংয়ে ২০20 সালের ইউরোতেও ফাইনাল খেলেছিল ইংল্যান্ড। সেবার তারা হেরেছিল ইতালির বিপক্ষে। আপাতত সাউথগেটের স্থলাভিষিক্ত হতে এগিয়ে এসেছেন ৫০ বছর বয়সী কার্সলি। ইংল্যান্ড অনূর্ধ্ব-২১ দলের কোচের দায়িত্ব ছেড়ে এখন জাতীয় দলের দায়িত্ব তার কাঁধে।

তিনি জানান, "যেহেতু খেলোয়াড় এবং আন্তর্জাতিক ফুটবলের সঙ্গে আমি খুব পরিচিত, এফএ (ফুটবল অ্যাসোসিয়েশন) নতুন ম্যানেজার নিয়োগের প্রক্রিয়া চালিয়ে যাওয়ার এই সময় দলকে দিক নির্দেশন দেওয়া আমার কাছে মনে হয়েছে যৌক্তিক কাজ। আমার মূল অগ্রাধিকার থাকবে ধারাবাহিকতা নিশ্চিত করা এবং আমাদের লক্ষ্য উয়েফা নেশন্স লিগে উপরের ধাপে ওঠা।"

খেলোয়াড়ি জীবনে মিডফিল্ডার ছিলেন কার্সলি। রিপাবলিক অব আয়ারল্যান্ডের হয়ে ৪০ ম্যাচ খেলেন তিনি। ১৭ বছরের ক্যারিয়ারে তার ক্লাব ছিল ডার্বি ও এভারটন। এরপর শুরু করেন কোচিং পেশা, যার শুরুটা হয় কভেন্ট্রি দিয়ে। পরে ব্রেন্টফোর্ড ও বার্মিংহ্যামেও কাজ করেন তিনি। ২০20 সালে যোগ দেন ইংল্যান্ডের সেট-আপে। এবার পেয়ে গেলেন জাতীয় দলের দায়িত্ব।

# নীরজের মা'ও আমার মায়ের মতোই,

## অলিম্পিকে স্বর্ণজয়ী পাকিস্তানের আরশাদ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্যারিস অলিম্পিক্সে পাকিস্তান এবং ভারত একই ইভেন্টে স্বর্ণ ও রুপা জেতার পর থেকেই দু'দেশের সম্প্রীতির বাতাবরণ চলছেই। রবিবার পাকিস্তানের সোনাজয়ী আরশাদ নাদিম বললেন, নীরজ চোপড়া মা তার মায়ের মতোই। কিছু দিন আগেই আরশাদকে নিজেরই সন্তান বলে উল্লেখ করেছিলেন নীরজের মা। সেই কথারও পাল্টা ধন্যবাদ জানিয়েছেন আরশাদ।

রবিবার ভোরে দেশে ফিরেছেন পাকিস্তানের ক্রীড়াবিদ। লাহোরে তাকে বীরের মতো বরণ করে নেওয়া হয়। সেখানেই সাংবাদিকদের সামনে নীরজের মায়ের প্রশংসা করেন আরশাদ। বলেন, "যিনি মা, তিনি তো সবারই মা। তিনি সবার জন্য প্রার্থনা করেন। আমি নীরজের মায়ের কাছে কৃতজ্ঞ। উনি আমারও মা। উনি আমাদের জন্য প্রার্থনা করেছেন। দক্ষিণ এশিয়া শুধু আমরা দু'জনই বিশ্ব মঞ্চে ভাল খেলেছি।"

উল্লেখ্য, প্যারিসে জ্যাভলিন ফাইনালের পর নীরজের মা সরোজ দেবী বলেছিলেন, 'নীরজ রুপা পাওয়ায় আমরা খুশি। সোনাজয়ী নাদিমও আমার সন্তান। ওদের সাফল্যে আমরা খুশি।' সেই মন্তব্য শুনে পাকিস্তানের সাবেক ক্রিকেটার শোয়েব আখতার সমাজমাধ্যমে লিখেছিলেন, 'যে সোনা জিতেছে, সেও আমার সন্তান, এমন কথা শুধু এক জন মা-ই বলতে পারেন। অসাধারণ।'

আরশাদের মাও চুপ করে থাকেননি। নীরজের মায়ের মন্তব্য শুনে তিনি বলেছিলেন, "নীরজও তো আমার ছেলের মতোই। ও তো নাদিমের বন্ধুও। ভাইয়ের মতোই।" সেই মন্তব্যও দু'দেশে প্রশংসিত হয়েছে। অলিম্পিক্সে পাকিস্তানের ৩২ বছরের পদক-খরা কাটিয়েছেন আরশাদ।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR